

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	১০ ডিসেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচনাসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুরে ধরেন। সভায় ২০১৯-২০ অর্থবছরের নির্বাচিত ৪ টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

ক. অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন জমাদান কার্যক্রম আগামী ৩০ জানুয়ারি ২০১৯ মাসের মধ্যে বাস্তবায়ন করা হবে। এ বিভাগের প্রোগ্রামার উক্ত কার্যক্রম বাস্তবায়ন করবেন।

খ. কর্মকর্তা/কর্মচারীদের (ক্যাডার ব্যতীত) সংক্ষিপ্ত পিডিএস তৈরির কাজ চলমান রয়েছে। আগামী ফেব্রুয়ারি ২০২০ মাসের মধ্যে সম্পন্ন হবে। পিডিএস তৈরির ফরম যাচাই বাছাই চলছে। যাচাই বাছাইঅন্তে পিডিএস এর তথ্য সংগ্রহের কাজ দ্রুত সম্পন্ন করা হবে।

গ. এ বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করার বিষয়ে আলোচনা করা হয়। করিডোরের যে দেয়ালটি সজ্জিত করার কথা ছিল সেখানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নাম সম্বলিত ফলক স্থাপন করা হয়েছে বিধায় দেয়াল সজ্জিতকরণের উদ্ভাবনটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

ঘ. গত ২৮ অক্টোবর ২০১৯ তারিখের ইনোভেশন সভায় কার্যবিবরণীর ৩.৬ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী "সরকারি স্বার্থ সংরক্ষণে মামলা নিষ্পত্তি ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্দিষ্ট ফরমেটে মামলার তালিকা তৈরি" এর ফরমেট মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছিল। এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় এ কার্যক্রম স্থগিত রাখার জন্য নির্দেশ প্রদান করেন। পরিলক্ষিত হচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী ৪টি (চার) কার্যক্রমের ২ টি কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না, বাকি দুটি উদ্ভাবনী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

২.১ সভায় জানানো হয় যে, এ বিভাগের সকল শাখা/অধিশাখা থেকে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের জন্য তাগিদ পত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু এখন পর্যন্ত কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায়নি।


২.২ উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়। উক্ত প্রশিক্ষণটি অনুমোদনের অপেক্ষায় আছে মর্মে সদস্য সচিব কমিটির সকলকে অবহিত করেন।

২.৩ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিংটি বাস্তবায়নের সরকারি আদেশ যথাসময়ে জারি করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ১ দিনের কর্মশালা আয়োজন করার নির্দেশনাও প্রদান করেন। উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার ১৩.৩ নম্বর কার্যক্রমটি দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর/কোম্পানীর উদ্ভাবনী ৩টি প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও সহায়তা প্রদানের বিষয়ে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লি: এর Bio-Matrix পদ্ধতিতে পেনশন উত্তোলন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ এর ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেম চালু করা এবং রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লি: এর Online CNG Bill পরিশোধ ব্যবস্থা সরেজমিনে প্রদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী	সিদ্ধান্ত বাস্তবায়নের শেষ সময়
৩.১	আগামী ৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ৫ম সভা আহ্বান করতে হবে।	সদস্য সচিব	-
৩.২	অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন দাখিল।	প্রোগ্রামার	৩০ জানুয়ারি ২০২০
৩.৩	কর্মকর্তা/ কর্মচারীদের (ক্যাডার ব্যতীত) সংক্ষিপ্ত PDS তৈরি করতে হবে।	সিস্টেম এনালিস্ট	ফেব্রুয়ারি ২০২০
৩.৪	উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	সদস্য সচিব	ডিসেম্বর ২০১৯
৩.৫	উদ্ভাবনী কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।	চিফ ইনোভেশন অফিসার	-
৩.৬	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তার (দেশের অভ্যন্তরে) জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ এবং গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ এর সাথে নলেজ শেয়ারিং করতে হবে।	সদস্য সচিব	ডিসেম্বর ২০১৯
৩.৭	১ (এক) দিনের কর্মশালা/সেমিনার আয়োজন (১ম)	সদস্য সচিব	জানুয়ারি ২০২০
৩.৮	দপ্তর/ সংস্থার ৩টি উদ্ভাবনী প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও সহায়তা প্রদান করতে হবে।	কমিটির সদস্যগণ	জানুয়ারি ২০২০

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিব্বার রহমান চৌধুরী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.২৩৫

তারিখ: ১৬ পৌষ ১৪২৬

৩১ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

- ২) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব